

Bangladesh Securities and Exchange Commission

নং বিএসইসি/সার্ভেইল্যান্স/২০২০-৯৭৫/৫১৫

নভেম্বর ১৫, ২০২১ইং


আদেশ

বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণের বিবেচনায়, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর বিধি ৩৬ মোতাবেক তফসিলে উল্লিখিত মার্জিন ঋণ প্রদান সংক্রান্ত নির্দেশনা নং ৬ (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত, এতদ্বারা তালিকাভুক্ত যেকোনো সিকিউরিটিজ এর প্রাইস-আর্নিংস (পি/ই) রেশিও ৪০ (চল্লিশ) পর্যন্ত ১: ০.৮০ অর্থাৎ মক্কেল বা গ্রাহকের মার্জিন/তহবিলের ৮০% হারে মার্জিন ঋণ প্রদানযোগ্য হিসেবে নির্দেশনা প্রদান করা হ'ল।

এতদসঙ্গে কমিশনের মার্জিন ঋণ প্রদান সংক্রান্ত নির্দেশনা নং বিএসইসি/সার্ভেইল্যান্স/২০২০/৯৭৫-২৩৯ তারিখঃ আগস্ট ১২, ২০২১ বাতিল করা হলো।

এই আদেশ অনতিবিলম্বে কার্যকর হইবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে



অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম
চেয়ারম্যান